গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নথি নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫- ৫৮৪

তারিখ ঃ ২৭ আষাঢ়, ১৪২৫
১১ জুলাই ২০১৮

বিষয় ঃ মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহীদের স্মরণে সারাদেশে একযোগে ৩০ লক্ষ বৃক্ষরোপণ সংক্রান্ত সভার সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গ্রহণ প্রসংগে।

সূত্র ঃ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং-১৫৩ (ক), তারিখ ঃ ১৪/০৬/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রাপ্ত পত্রটি (সংযুক্তিসহ) এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের গত ১০/০৭/২০১৮ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি ঃ ০২(দুই) পাতা।

১১/৭/২০১৮

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন ঃ ৯৫৮৬৬০৫

বিতরণ :

১। জেলা প্রশাসক (সকল)
------------------------জেলা।

২। উপপরিচালক (ডিডিএলজি) (সকল)
-----------------------------জেলা।

অনুলিপি ঃ

১. জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী, অতিরিক্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।

মহান মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহীদের স্মরণে সারাদেশে একযোগে ৩০ লক্ষ বৃক্ষরোপণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
অতিরিক্ত সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্থান ঃ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

তারিখ ঃ ০৬/০৬/২০১৮ খ্রিঃ

সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা

উপস্থিতি ঃ পরিশিষ্ট-১ এ সন্নিবেশিত করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ

সভায় বিগত ০২/০৪/২০১৮ তারিখে জনাব আনিসুল ইসলাম মাহমুদ, মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লক্ষ শহীদের সম্মানে একযোগে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ লক্ষ বৃক্ষরোপণের গৃহীত সিদ্ধান্তের বিষয়ে উপস্থিত সবাইকে অবহিত করা হয়। সভাপতি এ মহান কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় সমূহ ও তাঁদের অধীনস্ত বিভাগ/অধিদপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, স্থানীয় সরকার সমূহের প্রতিনিধি এবং বন বিভাগের কর্মকর্তাদের সহযোগিতা ও সকল দপ্তরের দায়িত্ব পালনের জন্য আহ্বান জানান।

০২। আগামী ১৮ জুলাই ২০১৮ "বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০১৮" এবং "জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০১৮" ও "মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদের স্মরণে সারা দেশে একযোগে ৩০ লক্ষ বৃক্ষরোপণ" কর্মসূচির মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন করবেন মর্মে আশা করা হচ্ছে। তিঁনি আরও জানান জেলা প্রশাসকগণ অত্যান্ত দায়িত্বশীলতা ও দ্রুততার সাথে ৬৪ টি জেলা হতে ৩০,৭৪,২১৪ (ত্রিশ লক্ষ চুয়াত্তর হাজার দুইশত চৌদ্দ) টি চারার চাহিদা প্রেরণ করেছেন।

০৩। ড. মোহাম্মদ জহিরুল হক, সহকারী প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর জানান যে, রোপিত চারা সমূহের গুনগত মান ঠিক রাখার লক্ষ্যে আগামী ১৮ জুলাই ২০১৮ তারিখের ৪/৫ দিন পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বৃক্ষের চারা সরবরাহ নিশ্চিত করতে হবে।

০৪। সভায় উপস্থিত মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এই কর্মসূচি সফল বাস্তবায়নে সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

০১। ১৮ জুলাই ২০১৮ তারিখের ৪/৫ দিন পূর্বে বন বিভাগ হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষের চারা সরবরাহের জন্য উপজেলা পর্যায়ে প্রস্তুতি থাকতে হবে। জেলা প্রশাসকগণ ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ, শিক্ষা কর্মকর্তাদের মাধ্যমে এ চারা শিক্ষা প্রতিষ্ঠানে নিয়ে যাওয়ার ব্যবস্থা করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও ব্যবস্থাপনা কমিটি এ ক্ষেত্রে যথাযথ দায়িত্ব পালণ করবেন।

০২। কর্মসূচি অনুযায়ী ১৮/০৭/২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর বৃক্ষরোপণ উদ্বোধনের একই সময়ে সারাদেশে বৃক্ষরোপণে স্থানীয় সরকার প্রতিনিধিসহ সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধি, সম্ভব হলে মাননীয় সংসদ সদস্যগণের উপস্থিতিতে উৎসব মূখর পরিবেশে বৃক্ষ রোপণে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়।

০৩। মহান মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে ৩০ লক্ষ বৃক্ষ রোপণের বিষয়টি যথাযথ গুরুত্ব নিয়ে সকল প্রকার সংবাদ মাধ্যমে প্রচারের যথাযথ ব্যবস্থা নিতে তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ করার সিদ্ধান্ত হয়। একই সাথে সকল জেলার জেলা তথ্য কর্মকর্তাদের বিষয়টি প্রচারের ব্যবস্থা নিতে তথ্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

০৪। স্থানীয় সরকারের সকল স্তরের প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করতে স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ জানানো হয়।

০৫। বিভাগীয়, জেলা ও উপজেলা প্রশাসনকে দিবসটি যথাযথভাবে পালনের বিষয়ে দিক নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়।

০৬। বন অধিদপ্তর এ কর্মসূচির সফল বাস্তবায়নে মাঠ পর্যায়ে সার্বক্ষণিক মনিটরিং ও চাহিদা মতে চারা সরবরাহ নিশ্চিতপূর্বক ৩০ লক্ষ বৃক্ষরোপণ নিশ্চিত করবে।

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৬/২০১৮
(মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)
অতিরিক্ত সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়